

ঈদের পর পঞ্চম শ্রেণির বৃত্তির ফল

নিজস্ব প্রতিবেদক

২০ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

প্রাথমিকের পঞ্চম শ্রেণির বৃত্তি পরীক্ষার ফল ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটির আগে প্রকাশ করা সম্ভব হচ্ছে না। খাতা মূল্যায়নে বিলম্বসহ বিভিন্ন প্রশাসনিক কারণে ফল প্রস্তুতের কাজ শেষ হয়নি বলে জানিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। সুতরাং নির্ধারিত সময় থেকে ফল প্রকাশ পিছিয়ে গেছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসন বিভাগের উপ-পরিচালক (সংস্থাপন) এএসএম সিরাজুদ্দোহা জানান, ঈদের আগে ২১ মে ফল প্রকাশের পরিকল্পনা ছিল। তবে এখনও ফল প্রস্তুতের কাজ সম্পন্ন না হওয়ায় তা সম্ভব হচ্ছে না। ঈদের পর ফল প্রকাশ করা হবে। আশা করছি, গ্রীষ্মকালীন ছুটি শেষে জুনের প্রথম সপ্তাহের শেষদিকে ফল প্রকাশ করা যাবে।

গত ১৫ এপ্রিল বাংলা বিষয়ের পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয় প্রাথমিক বৃত্তি পরীক্ষা। ১৮ এপ্রিল বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার মাধ্যমে শেষ হয় এবারের পরীক্ষা। এ বছর পরীক্ষায় অংশ নেয় ৬ লাখ ৪০ হাজারের বেশি শিক্ষার্থী। এর মধ্যে প্রায় সাড়ে পাঁচ লাখ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এবং প্রায় ৯০ হাজার শিক্ষার্থী বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিডারগার্টেনের।

বৃত্তি পাবে ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী : প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর মোট ৮২ হাজার ৫০০ শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে। মেধাক্রম ও জেলা-উপজেলাভিত্তিক কোটা অনুযায়ী এসব বৃত্তি প্রদান করা হবে।

এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য বৃত্তির সংখ্যা ৬৬ হাজার এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিডারগার্টেনের শিক্ষার্থীদের জন্য ১৬ হাজার ৫০০টি বৃত্তি বরাদ্দ রাখা হয়েছে।

অংশগ্রহণকারী শিক্ষার্থীর অনুপাতে সরকারি বিদ্যালয়ে প্রতি আট শিক্ষার্থীর মধ্যে একজন এবং বেসরকারি প্রতিষ্ঠানে প্রতি সাড়ে পাঁচ শিক্ষার্থীর মধ্যে একজন বৃত্তি পাওয়ার সুযোগ পাবে।

ট্যালেন্টপুল ও সাধারণ : এবার ট্যালেন্টপুলে বৃত্তি পাবে ৩৩ হাজার শিক্ষার্থী। সাধারণ বৃত্তি পাবে আরও ৪৯ হাজার ৫০০ শিক্ষার্থী।

বর্তমান কাঠামো অনুযায়ী, ট্যালেন্টপুলে নির্বাচিত শিক্ষার্থীরা মাসিক ৩০০ টাকা এবং বার্ষিক এককালীন ২২৫ টাকা পাবে। অন্যদিকে সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসিক ২২৫ টাকা ও বার্ষিক এককালীন ২২৫ টাকা করে পাবে। পঞ্চম শ্রেণি উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী দুই বছর পর্যন্ত এ আর্থিক সুবিধা অব্যাহত থাকবে।

বাড়তে পারে টাকার পরিমাণ : এদিকে প্রাথমিক বৃত্তির টাকার পরিমাণ দ্বিগুণ থেকে চারগুণ পর্যন্ত বাড়ানোর প্রস্তাব করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। প্রস্তাবটি অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন পেলে শিক্ষার্থীরা বাড়তি হারে বৃত্তির টাকা পাবে। তবে এ সিদ্ধান্ত কার্যকর হলে তা আগামী বৃত্তি পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।